দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের মুখে ডিম দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন

দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে দশমী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: তাসলিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: রাকিবুল হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বাস্তবায়নে অনুষ্ঠানে ডিমের পুষ্টিগুণ বিষয়ে তুলে ধরা হয।

সেই সাথে প্রতিটি শিশুকে প্রতিদিন সকালে একটি করে ডিম এবং প্রতিদিন রাতে একগ্লাস দুধ খাওয়ানোর পরামর্শ দেয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জণ ডা: নাজমুল হাসান শাওন।